

স্মারক নং- ইআবি/জনসংযোগ তওপ/সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০১৭৯


তারিখ: ২১ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

ইউজিসি ও ইআবির উদ্যোগে “ডি-নথির ব্যবহার ও বাস্তবায়ন বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ” কর্মশালা

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর সহযোগিতায় কমিশনের অডিটোরিয়ামে আজ “ডি-নথির ব্যবহার ও বাস্তবায়ন বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ” কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় সদস্য, প্রফেসর ড. মো: সাজ্জাদ হোসেন, কমিশনের সচিব ড. ফেরদৌস জামান, আইএমসিটি বিভাগের পরিচালক ড. মো: সুলতান মাহমুদ ভূইয়া ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম।

“ডি-নথির ব্যবহার ও বাস্তবায়ন বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ” কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত হয়ে মাননীয় ভাইস চ্যান্সেলর বলেন, ইউজিসির তত্ত্বাবধানে আজকের এই আয়োজন মাদরাসা শিক্ষার অবকাঠামোগত উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখবে একই সাথে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের যেসকল কর্মকর্তারা পর্যায়ক্রমে এই প্রশিক্ষণে অংশ নিয়ে তাদের কর্মদক্ষতাকে সমৃদ্ধ করে নিচ্ছে এর মাধ্যমে পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম ত্বরান্বিত করতে সহায়ক হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। মাননীয় প্রধানমন্ত্রীর “স্মার্ট বাংলাদেশ” গড়ার স্বপ্ন বাস্তবায়নে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সব সময় এগিয়ে থাকবে উল্লেখ করে মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠান থেকে শুরু করে বিশ্ববিদ্যালয়ের প্রত্যেকটি স্তরকে প্রযুক্তিগত কাঠামোতে উন্নয়নে সবার সহযোগীতা চান মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ।


(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।